# গাজার ধ্বংসস্তূপে মিলল ২০ ফিলিস্তিনির মরদেহ



ছবি: সংগৃহীত

গাজার জেইতুন এলাকায় ধ্বংস হয়ে যাওয়া একটি ভবনের ধ্বংসস্তূপ থেকে ২০ ফিলিস্তিনির মরদেহ উদ্ধার করা হয়েছে। বেসামরিক প্রতিরক্ষা দলের সদস্যরা এসব মরদেহ উদ্ধার করেন বলে জানিয়েছে ফিলিস্তিনের সরকারি সংবাদ সংস্থা ওয়াফা। খবরটি প্রকাশ করেছে আনাদোলু এজেন্সি।

ওয়াফার প্রতিবেদনে বলা হয়েছে, যুদ্ধের সময় ইসরায়েলি হামলায় ওই ২০ জন নিহত হন। হামলায় বিধ্বস্ত ভবনের নিচে চাপা পড়া ব্যক্তিদের মরদেহ উদ্ধারে বেসামরিক প্রতিরক্ষা দলগুলোর অভিযান চলমান রয়েছে।

গাজায় ইসরায়েলি হামলায় এখনো বহু মানুষ নিখোঁজ রয়েছেন। তাঁদের অনেকে ধ্বংসস্তূপের নিচে চাপা পড়ে থাকতে পারেন বলে ধারণা করা হচ্ছে। ফলে উদ্ধারকারীরা ধ্বংসস্তূপ সরিয়ে নিখোঁজদের সন্ধানে কাজ চালিয়ে যাচ্ছেন।

LENS ASIA